1670 I 1106 5000Rs

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

ADDL. DIST. SUB-REGISTRAR
ALIPORE, SOUTH 24 PARGANAS

বিক্রয় কোবালা -

মূল্য - ৩,২৫০০০.০০ তিন লক্ষ পঁচিশ হাজার টাকা ।

**কোবালা গ্রহীতা : -**

১) শ্রীমতী বীথি সাহা , স্বামী শ্রী নারায়ন চন্দ্র সাহা ,
জাতি হিন্দু , পেশা গৃহস্থালী, সাং ১নং হরিমতি সরণী ,
থানা - সোনারপুর, জেলা দক্ষিন ২৪ পরগণা ॥

২) শ্রী প্রবীর কুমার সাহা , পিতা শ্রী হরিদাস সাহা ,
জাতি হিন্দু , পেশা ব্যবসা, সাং ১নং হরিমতি সরণী ,
থানা- সোনারপুর, জেলা দক্ষিন ২৪ পরগণা ॥

**কোবালা দাতা : -**

শ্রী কানাই লাল রানা , পিতা অম্বিকা কুমার রানা ,
জাতি হিন্দু , পেশা চাকুরী, সাং ৭নং রাধামোহন পাল লেন ,
থানা মুচিপাড়া , কলিকাতা - ৭০০০১২ ॥

5000Rs

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES



কমা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত স্থানীয় পরিমাপে কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি মায় তদুপরিস্থিত ইমারত বাটি মায় সজ্জাপাট আকর আওলাতাদি ও জলের কল, ইলেকট্রিক ফিটিংস ও ইলেকট্রিক মিটার প্রভৃতি সহ বসত বাটি মায় তৎসংলগ্ন নির্দিষ্ট রাস্তায় যাতায়াত সুখাধিকার সমেত সর্ববিধ ইজমেন্ট স্বত্বাদি দরবস্ত এক এক্‌ক সম্পত্তি সম্পূর্ন নিদ্দায়, নির্দোষ অবস্থায় বিক্রয়ের সাফ্‌ কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে : -

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা টালিগঞ্জ, বর্তমানে রিজেন্টপার্ক, সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, পরগণা মাগুরা, রে : সা : নং ২০০, সাবেক টালিগঞ্জ মিউনিসিপ্যালিটি বর্তমানে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের অন্তর্গত : জে, এল ৪৯নং মৌজা কামডহরী গ্রাম মধ্যে অত্র জেলা কালেক্টারির ১৪নং তৌজি ভুক্ত বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন সাবেক ডি : সে : জরিপের ২৯১নং দুইশত একানব্বুই

Scanned by CamScanner

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES



খতিয়ানেরবার্ষিক ৮ টাকা খাজনার রায়ত দখলি স্থিতিবান স্বত্বীয় ৮০৭নং দাগের ·৫০ শতক জমি সহ পূর্বে অন্যেকা শ্রীমতী পূর্ণময়ী দাসীর ষোল আনা স্বত্ব দখলিয় সম্পত্তি ছিল। উক্ত ভূম্যাদি শ্রীমতী পূর্ণময়ী দাসী একক নির্ব্যূঢ় স্বত্বে ভোগ দখল করিতে থাকাবস্থায় বিগত ডি: সেটেলমেন্ট জরিপে কামডহরী মৌজার ২৬১নং খতিয়ানে রায়ত স্থিতিবান স্বত্বে উক্ত জমি তাঁহার নামে ফাইনাল পাবলিশড বা রেকর্ড হয়।

অতঃপর বিগত ইংরাজি ১৯৩৯ সালের ১লা নভেম্বর তারিখে সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত এককেতা বিক্রয় কোবালা দলিল দ্বারা উক্ত কামডহরী মৌজার ২৬১নং খতিয়ান ভুক্ত ৮০৭নং দাগের ·৫০শতক জমি পূর্বোক্ত শ্রীমতী পূর্ণময়ী দাসী উপযুক্ত পণ মূল্য গ্রহন করতঃ তাহার ভাবি ওয়ারেশ উত্তরাধিকারিনী তিন কন্যা যথাক্রমে সুরবালা দাসী, ননীবালা দাসী এবং অনিলা বালা দাসীকে সঙ্গে লইয়া জনৈক শ্রী রোহিনী কান্ত কর্মকারের নিকট বিক্রয় করতঃ উক্ত সম্পত্তি হইতে

Scanned by CamScanner

5000Rs

INDIA NON JUDICIAL

५000रु. R$ 5000

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES



হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন।

তদনন্তর উক্তমতে উল্লিখিত শ্রী রোহিনী কান্ত কর্মকার নিজ নাম দখলে লইয়া অন্যের বিনা স্বত্ব স্পৃহে নির্বিবাদে নিরূঢ় স্বত্বে সার্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকেন। উক্ত দলিল মোতাবেক আলিপুর সদর জয়েন্ট সাবরেজিষ্ট্রী অফিসে ১নং বহির, ২১নং ভলিউমের ১১১ হইতে ১১৩নং পাতায় লিপিবদ্ধ ১৯৩১ সালের ১২০৬নং সাফ কোবালা দলিল রূপে রেজিষ্ট্রী হয়।

তদনন্তর উক্ত রোহিনী কান্ত কর্মকার কোন উইলাদি না করিয়া কেবলমাত্র একপুত্র শ্রী মধুসূদন কর্মকারকে ওয়ারেশ উত্তরাধিকার রাখিয়া অন্য কোন ওয়ারেশ না রাখিয়া বিগত বাংলা ১৩৪৮ সালের ৩রা আষাঢ় তারিখে বিপত্নীক অবস্থায় পরলোক গমন করেন।

Scanned by CamScanner

5000Rs.

INDIA NON JUDICIAL

৫000রু.

Rs.5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES



অতঃপর উক্তজমি উল্লিখিত শ্রী মধুসূদন কর্মকার পৈত্রিক ওয়ারেশ উত্তরাধিকারি সূত্রে ষোল আনা অংশের একমাত্র মালিক স্বত্বাধিকারি সূত্রে ভোগ দখল করিতে থাকেন। তৎপরে বিগত ইংরাজি ১৯৫৯ সালের ১৭ই মে তারিখে উক্ত মধুসূদন কর্মকারের নিকট হইতে একক্রেতা রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল দ্বারা উক্ত কাষ্ঠহরী মৌজার ২৯১নং খতিয়ানের ৮০৭নং দাগের জমি হইতে পৃথক চিহ্নিত স্থানীয় পরিমাপে কমবেশী ২দুই কাঠা ৮আট ছটাক বাস্তুজমি উপযুক্ত পণ মূল্যে ৪নং গোপী রায় লেন হাট খোলা, কলিকাতা নিবাসী শ্রী নৃপেন্দ্র নাথ রায়ের পত্নী গুণবতী কমলা বালা রায় নিজ অর্থে ও স্বার্থে খরিদ করত: খাসে ভোগ দখল করিতে থাকেন উক্ত কোবালা মোকাম আলিপুর ডি: রেজিষ্ট্রী অফিসের ১নং বহির ,৩১নং ভলুমের ২০১ হইতে ২০৪নং পাতায় লিপিবদ্ধ ১৯৫৯ সালের ১৯৯৯নং সাফ কোবালা দলিল মূলে লিপিবদ্ধ আছে।

Scanned by CamScanner

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु. Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

( ৬ )

অতঃপর উক্ত জমিতে সংকুলান না হওয়ায় উল্লিখিত শ্রীমতী কমলা রায় পুনরায় বিগত ইংরাজি ১০।০।১৯০০ তারিখে এককেতা সাফ্ কোবালা দলিল দ্বারা তৎকালে মৃত মধুসূদন কর্মকারের ওয়ারেশ উত্তরাধিকারিগনের নিকট হইতে অর্থাৎ শ্রী অনন্ত লাল কর্মকার , হরিপদ কর্মকার , বিষ্ণুপদ কর্মকার দিং এর নিকট হইতে উক্ত কামতহরী মৌজার সাবেক ২৯১নং খতিয়ানের ৮০৭নং দাগ ভুক্ত জমি হইতে পৃথক চিহ্নিত ৮আট ছটাক জমি খরিদ করত : পূর্বে খরিদা জমির সামিল করিয়া লইয়া ঐ দাগের মোট ৩ তিন কাঠা জমি নির্বূঢ় স্বত্ত্বে ভোগ দখল করিতে থাকেন । এবং উক্তজমি মধ্যে একতলা ইমারত বাটি নির্মান করত : ও অন্যান্য টিন ও টালির ঘরাদি নির্মান করত : বাসে বসবাস দ্বারা ভোগ দখল করিতে থাকেন উক্ত কোবালা মোকাম আলিপুর ডি : সাবরেজিষ্ট্রী অফিসের ১নং বহির ,৯১নং ভল্যুমের ১৭৪ হইতে ১৭৭নং পাতায় লিপিবদ্ধ সন ইংরাজি ১৯০৯ সালের ৪৮৯২নং সাফ্ কোবালা দলিল মূলে রেজিষ্ট্রী হয় । উক্তজমি -

Scanned by CamScanner

5000Rs.

INDIA NON JUDICIAL

५000रु.

Rs 5000

सत्यमेव जयते

भारत

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES



রিভিশনাল সেটেলমেন্ট জরিপে [redacted] ২৯১নং খতিয়ানের মধ্যে উক্ত কমলা বালা রায়ের নামে রেকর্ড ভুক্ত হয়।

অতঃপর উক্ত শ্রীমতী কমলা বালা রায়ের নিকট হইতে বিগত ইংরাজি ১৯৯২ সালের ০১শে জুলাই তারিখে সম্পাদিত ও কলিকাতা রেজিষ্ট্রার অব এ্যাসুরেন্স অফিসে রেজিষ্ট্রীকৃত ১নং বহির, ১৯৯২ সালের ১৪৭৪৯নং সাফ্ কোবালা দলিল দ্বারা আমি এই কোবালা দাতা উক্ত কাসুন্দরী মৌজার ২৯১নং খতিয়ানে ৮৩৭নং (আটশত সাঁইত্রিশ) দাগের জমির মধ্যে উল্লিখিত পৃথক চিহ্নিত কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি সায় তদুপরিস্থিত ১৯০০ সালে নির্মিত পুরাতন একতলা ইমারত বাটি উপযুক্ত পণ মূল্যে নিজ অর্থে ও স্বার্থে খরিদ করত : খাসে নির্ব্যূঢ় সুখে ভোগ দখল করিয়া আসিতেছি। এবং কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে নিজ নাম পত্তন ক্রমে নিজ

Scanned by CamScanner

2000Rs

INDIA NON JUDICIAL

२000रु.    Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हजार रुपये    TWO THOUSAND RUPEES



নামে নির্ধারিত ট্যাক্সাদি প্রদান করত : ট্যাক্স বিলাদি গ্রহণ পূর্বক নির্বিবাদে নির্ব্যূঢ় সূত্রে সার্বভৌম অধিকারে ভোগ দখল করিয়া আসিতেছি। তদনুযায়ী উক্তভূমি ও বাড়ী আমার নামে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৯২নং কাস্তডরী পূর্ব পাড়া প্রেমিসেস রূপে রেকর্ড ভুক্ত হইয়াছে ও আছে।

বর্তমানে নানা কারণে কোবালা দাতা আমার নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় আমার খরিদা উক্তভূমি ও তদুপরিস্থিত পুরাতন পাকা ইমারত একতলা বাটি যাহা নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল, তাহা সম্পূর্ণ নির্দায়, ও নির্দোষ অবস্থায় বিক্রয় করিবার ঘোষণা করিলে, আপনারা এই কোবালা গ্রহীতা দুয় উক্তভূমি ও তদুপরিস্থিত পুরাতন ইমারত বাটি সম্পূর্ণ নির্দায়, নির্দোষ অবস্থায়

Scanned by CamScanner

2000Rs

INDIA NON JUDICIAL

२000रु.

Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हजार रुपये TWO THOUSAND RUPEES



বর্তমান বাজারে প্রচলিত সর্বোচ্চ মূল্য বেলমোক্তা মং ৩,২৫০০০.০০ তিন লক্ষ পঁচিশ হাজার টাকা পণ মূল্যে খরিদ করিবার প্রস্তাব করিলে, আমি তাহাতে সম্মত হইয়া অদ্য তারিখে আপনাদের নিকট হইতে উক্ত ধার্য্য পণ মূল্যের সম্পূর্ণ মবলকে ৩,২৫০০০.০০ তিন লক্ষ পঁচিশ হাজার টাকা নিম্ন রসিদমত গ্রহণ করতঃ এতদ্বারা তাহার প্রাপ্তি স্বীকারে অত্র সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত বা নিম্ন তপশীল বর্ণিত সম্পত্তি আপনাদের নিকট বিক্রয় করতঃ বিক্রীত সম্পত্তি হইতে চিরতরে নিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং বিক্রীত সম্পত্তিতে আপনাদিগকে খাস দখল দিলাম ।

আপনারা অদ্য হইতে বিক্রীত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্ব স্বত্ববান ও স্বত্ববতি মালিক দখলিকার ও দখলিকারিনী হইয়া কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনে ও রাজ্য সরকারের ভূমি ও ভূমি রাজস্ব দপ্তরের বি,এল,এন্ড,এল,আর

অফিসে আমার নামের পরিবর্তে আপনাদের নিজ নিজ নাম পত্তনক্রমে কর ও ট্যাক্সাদি প্রদান পূর্বক নিজ স্বত্বাধিকার প্রতিষ্ঠিত ও কায়েম করত : দান, বিক্রয়, বিলি পত্তনাদি সর্বপ্রকার হস্তান্তর রূপান্তর ও ইট ইমারতাদি নির্মান পরিবর্তন ও পরিবর্ধন ও সর্বপ্রকার রূপান্তর করনের ক্ষমতাযুক্তে যদৃচ্ছামত ব্যবহারে আমার তুল্য ক্ষমতা পরিচালনে পুত্র পৌত্রাদি ওয়ারেশান স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে নির্বিঘ্নে স্বত্বে সার্বভৌম অধিকারে ভোগ দখল করিতে থাকুন। বিক্রীত জমি ও ইমারতাদিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার, সত্তা, সম্পর্কাদি ছিল বা আছে তাহা অদ্য হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও লুপ্ত হইয়া আপনাদের প্রতি নির্বিঘ্নে স্বত্বে বর্তিল বা অর্পিল। কালে কস্মিনে আমি কিম্বা আমার ওয়ারেশান ও স্থলাভিষিক্তগণক্রমে কেহ উক্ত বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবি দাওয়া ওজর আপত্তি করিতে পারিব না ও পারিবে না, ভবিষ্যতে কেহ বিক্রীত সম্পত্তির দরুন কোন প্রকার দাবি দাওয়া ওজর আপত্তি করিলেও তাহা সর্বপ্রকার অফিস আদালতে সর্বতোভাবে বাতিল ও অগ্রাহ্য হইবে।

বিক্রীত সম্পত্তি ও গৃহাদি আমি ইতিপূর্বে অপর কাহাকেও কোন প্রকার দান, বিক্রয়, বিলি পত্তনাদির দ্বারা হস্তান্তর বা হস্তান্তরের চুক্তি কিম্বা কোন প্রকার রেহানাবদ্ধ বা দায়াবদ্ধ করি নাই। বিক্রীত সম্পত্তিতে অন্য কোন শরিক অংশীদার বা দাবিদার নাই, অথবা বিক্রীত সম্পত্তি বা ইমারত বাটির উপর অন্য কাহারও কোন প্রকার চার্জ বা ক্লেম নাই কিম্বা বিক্রীত জমি বাকি করের দায়ে বা অন্য কোন কারণে কোন আদালত কর্তৃক নিলাম বিক্রয় হয় নাই। বিক্রীত সম্পত্তি ব্যাংকের দেনার দায়ে বা কাহারও সিকিউরিটিতে আবদ্ধ অথবা কোন কারণে কোন আদালত কর্তৃক ক্রোকাবদ্ধ নাই। অথবা বিক্রীত সম্পত্তি কোন

Scanned by CamScanner

প্রকার ট্রাষ্ট ভুক্ত বা দেবোত্তর সম্পত্তি নহে। বিক্রীত সম্পত্তি কাহাকেও ভাড়া বা লিজ দেওয়া হয় নাই। কিম্বা রাজ্য সরকার বা কোন পাবলিক বডি কর্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান করা হয় নাই। অত্র বিক্রীত সম্পত্তি সি,এম ,ডি এ বা সি,এম ,সি এর কোন এলাইনমেন্টের অন্তর্ভুক্ত হয় নাই। সম্পূর্ন নির্দায়, নির্দোষ মুক্তাবস্থায় আমার বিক্রয় যোগ্য উত্তম স্বত্বাধিকার ও খাস দখল থাকা অবস্থায় আপনাদের নিকট বিক্রয় করত: বিক্রীত সম্পত্তি ও গৃহাদি আপনাদিগকে খাস দখল বুঝাইয়া দিলাম।

ভবিষ্যতে আমার উক্তির বৈপরিত্য ঘটিয়া বা আমার কোন প্রকার উক্তির শঠতা অসত্যতা প্রকাশিত হইয়া বা আমার স্বত্ব দখলের ন্যূনতাহেতু, আপনাদের খরিদা স্বত্ব, স্বার্থ বা দখলের কোন প্রকার ক্ষতি হইলে, আমি তজ্জন্য দায়ী হইব ও আইনত: ক্ষতিপূরন সহ পণ মূল্যের সমুদয় টাকা এককালিন আপনাদিগকে ফেরত দিতে বাধ্য রহিলাম।

বিক্রীত সম্পত্তি সম্পর্কিয় কাগজ পত্র দলিলাদি যাহা আমার নিকট আছে, তৎসমুদয় আপনাদিগকে প্রদান করিলাম। এতদ্ব্যতীত বিক্রীত ইমারত ও ভূমি সম্পর্কে ভবিষ্যতে [redacted] কোন অফিস আদালতে আমার কোন সাক্ষী প্রমান সহি সাবুদের আবশ্যক হইলে, তাহা বেওজর আপনাদের অনুকূলে দিব।

অত্র দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকার দরুন ভবিষ্যতে অত্র দলিলের সেজন্যে কোন সংশোধনি বা শোধ দলিলাদি করিবার আবশ্যক হয় তাহা বেওজর বিনাপনে আপনাদের খরচায় ও আপনাদের অনুকূলে আমি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিতে ওয়ারেশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে বাধ্য রহিলাম।

Scanned by CamScanner

এতদসহ সংযোজিত নক্সায় প্রদর্শিত রাস্তা সমূহের উপর দিয়া আপনারা আমার স্থলাভিষিক্ত সূত্রে আপনাদের নিজ নিজ ওয়ারেশ উত্তরাধিকারী ও স্থলাভিষিক্তগণক্রমে যানবাহনাদি সমেত অবাধ যাতায়াত করিতে এবং উক্ত রাস্তার উপর দিয়া বা তলদেশ দিয়া নিজ খরিদা জমিতে ইলেকট্রিক ট্যাপওয়াটার টেলিফোন , গ্যাস কানেকশনাদি আনয়ন করিবার সুত্বাধিকার সহ সর্ববিধ ইজমেন্ট স্বত্ব পরিচালনা করিতে পারিবেন ।

এতদর্থে স্বেচ্ছায় সুস্থানে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে এই দলিলের মর্ম সম্যক অবগত হইয়া পণ মূল্যের সম্পূর্ণ টাকা নিম্ন জায়মত বুঝিয়া পাইয়া এই দলিল সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি তাং বাংলা ১৪০২ সালের

ইংরাজি ১৯৯৫ সনের -

-: তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় : -

জেলা দক্ষিন ২৪ পরগণা, থানা সদর টালিগঞ্জ, বর্তমানে রিজেন্টপার্ক , সাবরেজিষ্ট্রী অফিস আলিপুর, পরগণা মাগুরা , জে,এল নং ৪৯ , রে : সা : নং ২০০ , মৌজা কামডহরী গ্রাম মধ্যে এই জেলা কালেক্টারির ১৪নং তৌজি ভুক্ত বর্তমান মালিক পশ্চিমবঙ্গ রাজ্য সরকার অধিন সাবেক ও হাল ২৯১নং (দুইশত একানব্বুই ) নং খতিয়ানের বার্ষিক ৮ , আট টাকা খাজনার রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট সুবুর ৮৩৭ আটশত সাঁইত্রিশ নং দাগের · ৬৫ (পঁয়ষট্টি ) শতক জমির মধ্যে নিজ খরিদা পৃথক চিহ্নিত স্থানীয় পরিমাপে কমবেশী ৩ তিন কাঠা বাস্তু জমি সহ তদুপরিস্থিত ১৯০০ সালের নির্মিত জীর্ণ ২২ x ১২ - ৩'' মাপের অর্থাৎ ২৬৯- ৬'' কভার্ড এরিয়া যুক্ত একতলা এক কামরা পাকা কোঠা ঘর ইত্যাদি তাহা সহ যাবতীয় জলকল , ইলেকট্রিক

সিটার্ন, সজলপাট সেপটি ট্যাঙ্ক, পায়খানা, বাথরুম বৃক্ষাদি সহ বসত বাটি যায় যাবতীয় ভাবে আওলাতাদি ও আলো বাতাস বহু সুখ সর্বপ্রকার রাস্তার ব্যবহারিক ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি এর কোবালার বিক্রীত সম্পত্তি হইতেছে। উহার হারাহারি খাজনা বার্ষিক ০.৩০ পয়সা মাত্র। উক্তজমি ও বাড়ী এর সহ সংযোজিত নক্সায় লাল রং এর রেখা দ্বারা সীমানির্দ্ধারিত হইত : বিশেষ ভাবে চিহ্নিত হইত : প্রদর্শিত রহিল। উক্ত বিক্রীতজমি ও বাড়ী কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের ৯২নং কামডহরী পূর্ব পাড়া প্রেমিসেস ভুক্ত সম্পত্তি হইতেছে। 3/১০৬ নং ।।

| খতিয়ান | দাগনং | শ্রেনী | পরিমান - |
|---|---|---|---|
| ২৯১ (দুইশত একানব্বই) | ৮৩৭ ( আটশত সাঁইত্রিশ ) | বাস্তু ঘর | ৩ তিন কাঠা । |

মং - তিন কাঠা জমি মাত্র ।

বিক্রীত জমির চৌহদ্দি : -

উত্তরে : - সরকারি রাস্তা ।।

দক্ষিনে : - শ্রী হিমাংশু কুমার দাঁ মহাশয়ের বাড়ী ।।

পূর্বে : - দূর্গারানী রায়ের জমি ৮৩৭নং দাগের অপর অংশ ।

পশ্চিমে : - শ্রীমতী ব্রজবালা ভৌমিকের জমি ও বাড়ী ।।

Scanned by CamScanner

টাকার জমা : -

(1) অগ্রিম বায়না বাবদ - - - - - - - - 10000 - 00 টাকা

(2) by Cash order No 020757 dt 8.6.95 of Punjab National Bank Garia Calcutta Branch. for Rs. 315000/-

Total Rs 325000/-
(Rupees Three Lacs and Twenty Five Thousand only)

ইসাদি : -

মুসাবিদাকারক : -

টাইপকারক -

শ্রী রবীন সানা, আলিপুর পুলিশ

কোর্ট কলিকাতা - ২৭ ।।


৪।

Scanned by CamScanner

...LAN OF LAND AND STRUCTURE COMPRISED IN PART O...
...O. 837, KHATIAN NO. 291, J.L. NO. 49, R.S. NO. 200 IN
...ZA - KAMDAHARI, P.S. REGENT PARK, C.M.C. HOLDING NO.
... KAMDAHARI PURBA PARA, C.M.C. WARD NO. 111.

SCALE :- 1" = 10'

TOTAL AREA OF LAND AND STRUCTURE - 3K. [redacted]. 0SFT. MORE OR LESS.
BOUNDED BY RED BORDER
SOLD TO SMT. BITHI SAHA. AND SRI PROBIR KUMAR SAHA.




DRAWN
B. R...

122

BOOK NO I
VOLUME NO. 26
PAGES ... TO 3-70
BEING NO. 1106
FOR THE YEAR 19 95

ADDL. DIST. SUB REGISTRAR
ALIPORE SOUTH 24 PARGANAS

ADDL. DIST. SUB REGISTRAR
ALIPORE SOUTH 24 PARGANAS
27-6-95

Scanned by CamScanner